গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন **"ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| সভার তারিখ | : | ২১-০৯-২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং ১১২২), ব্লক-এ লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' -তে দেখানো হয়েছে।

২. সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি বলেন একটি প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ ছাড়াও অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার সহযোগিতা প্রয়োজন হয়। সে লক্ষ্যে সরকারি পরিপত্র অনুযায়ী প্রকল্পের স্টিয়ারিং কমিটি গঠন করা হয়ে থাকে। স্টিয়ারিং কমিটির সকল সদস্যের উপস্থিতি প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে ও সিদ্ধান্ত গ্রহণে কার্যকর ভূমিকা রাখে। তাই নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত হয়ে সহযোগিতা করার জন্য সভাপতি সকল সদস্যদের অনুরোধ করেন। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সভার সদস্য সচিব ও উপসচিব, উন্নয়ন-২ অধিশাখাকে আহ্বান জানান।

৩. সদস্য সচিব সভায় জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২১-০৬-২০২৩ খ্রি. তারিখে বরাদ্দবিহীনভাবে অনুমোদিত হয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ২৬-০৬-২০২৩ খ্রি. তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ১২.১৮০৫ কোটি (বারো কোটি আঠারো লক্ষ পাঁচ হাজার) টাকা, যার মধ্যে জিওবি ১.২৭০৯ কোটি (এক কোটি সাতাশ লক্ষ নয় হাজার) টাকা ও ইউএনএফপিএ-এর প্রকল্প অনুদান ১০.৯০৯৬ কোটি (দশ কোটি নব্বই লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়নকাল ০১ এপ্রিল ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

৪. সদস্য সচিব আরও জানান, প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরের ADP-তে অন্তর্ভুক্ত না থাকায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস শীর্ষক প্রকল্পটি পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট। ২০২৩-২৪ অর্থবছরের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচির স্বাস্থ্যখাতের থোকে ২৪৩৬.০০ লক্ষ (চব্বিশ কোটি ছত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে এ প্রকল্পের অনুকূলে ৬৭৯.৩২ লক্ষ (ছয় কোটি উনআশি লক্ষ বত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য ২২-০৮-২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে এ বিভাগ থেকে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে সদস্য সচিব প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ, প্রকল্প গ্রহণের যৌক্তিকতা, উদ্দেশ্য, প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির বিষয়ে অগ্রগতি এবং ভবিষ্যত কর্মপরিকল্পনার ওপর পাওয়ারপয়েন্ট উপস্থাপনার জন্য প্রকল্প পরিচালক জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস-কে অনুরোধ জানান।

৫.০ প্রকল্প পরিচালক প্রকল্পের পরিচিতি, ভূমিকা, বাস্তবায়নের যৌক্তিকতা, উদ্দেশ্য, মূল কার্যক্রম, কর্মপরিকল্পনা, টিএপিপি অনুযায়ী বরাদ্দ ও ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা, প্রকল্প কার্যক্রমের অগ্রগতি, অদ্যকার স্টিয়ারিং কমিটির নিকট প্রত্যাশা ইত্যাদি বিষয়ে সভায় সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করেন।

৫.১ প্রকল্প পরিচালক সভায় জানান যে, এ প্রকল্পের মাধ্যমে যে সমস্ত কার্যক্রম বাস্তবায়ন করা হবে তা ব্যবহার করে সরকারি এবং বেসরকারি ব্যবহারকারীগণ যেমন উপকৃত হবেন তেমনি জাতীয় এবং সামষ্টিক অর্থনৈতিক উন্নয়নে গতি বৃদ্ধিসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্য অর্জনে সহায়ক হবে। বিবিএস এর বিভিন্ন কার্যক্রম ফলপ্রসু এবং ত্বরান্বিত করার জন্য ইউএনএফপিএ তাদের ৫ম-৯ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় বিবিএসকে আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় ইউএনএফপিএ-এর ১০ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডের বিভিন্ন পর্যায়ে সংগৃহীত ডাটার আরও নির্ভুল প্রয়োগ নিশ্চিতকরণে বিবিএস এর দক্ষতা উন্নয়নে প্রকল্পটি বিশেষ ভূমিকা রাখবে। তিনি প্রকল্প গ্রহণের উদ্দেশ্য ও মূল কার্যক্রম এবং এ পর্যন্ত অগ্রগতি বিষয়ে সভায় নিম্নরূপ উপস্থাপন করেন;

৫.২ প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ:

- বাংলাদেশে নারীর প্রতি সহিংসতা (VAW) জরিপ তৃতীয় রাউন্ড পরিচালনা করা;
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম এর মাধ্যমে জন্ম পরিসংখ্যান, মৃত্যুর কারণ এবং প্রয়োজনীয় জন্মনিয়ন্ত্রন পদ্ধতির অপ্রতুলতা ইত্যাদি বিষয়ে সরকারি পরিসংখ্যান প্রস্তুতের জন্য যথাযথ পদ্ধতির অভিযোজন (Adaptation) করা;
- বাংলাদেশ জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম প্ল্যাটফর্ম (বিজিআইএসপি) এর সাহায্যে সংশ্লিস্ট স্টেকহোল্ডারদের নিয়ে একটি সুবিস্তৃত জিআইএস প্ল্যাটফর্মকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া; এবং
- জিও-ডাটাবেস প্রস্তুত এবং রক্ষণাবেক্ষণ যেখানে জনসংখ্যার তথ্যও অন্তর্ভুক্ত, তা বিশ্লেষণ ও রিপোর্ট প্রস্তুত এবং জিআইএস মানচিত্রের মাধ্যমে উপস্থাপনার সক্ষমতা বৃদ্ধিতে কার্যক্রম পরিচালনা করা।

৫.৩ প্রকল্পের মূল কার্যক্রমসমূহ:

- নারীর প্রতি সহিংসতা (VAW) জরিপের জন্য প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ, তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও রিপোর্ট প্রকাশ করা;
- Geographic Information System (GIS) এর কার্যক্রমকে শক্তিশালী করার জন্য সক্ষমতা উন্নয়নে কার্যক্রম পরিচালনা করা;
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম এর জন্য পরিসংখ্যান, মৃত্যুর কারণ এবং তথ্য সংগ্রহের জন্য যথাযথ পদ্ধতির অভিযোজন (Adaptaion);
- লিঙ্গ-ভিত্তিক সহিংসতা, পরিবার পরিকল্পনা, এবং প্রয়োজনীয় জন্মনিয়ন্ত্রন পদ্ধতির অপ্রতুলতা সাথে সম্পর্কিত আঞ্চলিক বৈষম্য সনাক্ত করতে ক্ষুদ্র ক্ষুদ্র এলাকাভিত্তিক Small Area Atlas প্রণয়ন ও পরিমাপ করা; এবং
- এক প্ল্যাটফর্মে BGISP, REDATAM, ICMS এবং CRVS-এর মধ্যে ইন্টিগ্রেশন করা।

৫.৪ প্রকল্পের অগ্রগতি:

- প্রকল্পের প্রাথমিক কার্যক্রম সম্পাদন;
- প্রকল্পের অর্থনৈতিক কোড সৃজন ও AMS এন্ট্রি সম্পন্ন;
- ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশন ও UNFPA এ প্রস্তাব প্রেরণ;
- প্রকল্পের স্টিয়ারিং, টেকনিক্যাল, বাস্তবায়ন, ওয়ার্কিং ও অন্যান্য কমিটি গঠন;
- Violence Against Women (VAW) Survey 2023 এর প্রাথমিক কার্যাবলী সম্পাদন;
- VAW Survey 2023 এর Sample Design এবং Methodology নির্ধারণ, খসড়া Questionnaire & Manual প্রস্তুত; ইত্যাদি

৬. **আলোচনা:** প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট, যৌক্তিকতা, উদ্দেশ্য, প্রকল্পের মূল কার্যক্রম, এ পর্যন্ত অগ্রগতি এবং ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা বিষয়ে সুন্দর উপস্থাপনার জন্য সভাপতি প্রকল্প পরিচালক-কে ধন্যবাদ জানান এবং উপস্থাপনার আলোকে আলোচনায় অংশ নিতে উপস্থিত সদস্যদের আহ্বান জানান।

৬.১ GED এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, SDG'র ৫নং Goal এর সমন্বয়কারী মন্ত্রণালয় হচ্ছে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। এছাড়া নারীর প্রতি সহিংসতা সংক্রান্ত অন্যান্য কার্যক্রমও এই মন্ত্রণালয়ের মাধ্যমে সম্পাদিত হয়। এই কাজে সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগও জড়িত। তাই VAW Survey তে এই সকল মন্ত্রণালয় ও তাদের অধীনস্থ দপ্তর/সংস্থাকে সম্পৃক্ত করা যেতে পারে।

৬.২ আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন, ইতোমধ্যে ২০১১ ও ২০১৫ সালে দুই রাউন্ড VAW Survey সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে নারীর অবস্থান ও সহিংসতার ধরণে নানা রকম পরিবর্তন এসেছে। তাই আসন্ন VAW Survey তে কী কী তথ্য আনা হবে তা Questionnaire যথাযথভাবে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এছাড়া প্রস্তুতকৃত Questionnaire অংশীজনদের সাথে শেয়ার করা হলে সকলের মতামতের ভিত্তিতে একটি সফল Survey করা সম্ভব হবে।

৬.৩ IMED প্রতিনিধি বলেন, প্রকল্প পরিচালকের উপস্থাপনায় বলা হয়েছে প্রকল্পের আওতায় VAW Surveyসহ অন্যান্য Vital Statistics (মৃত্যুর কারণ সংক্রান্ত) তৈরি করা হবে। VAW Survey-তে কত জন নারীর তথ্য সংগ্রহ করা হবে এবং কোন কোন জেলা/উপজেলার তথ্য সংগ্রহ করা হবে তা জানতে চাওয়া হয়।

৬.৪ এনইসি-একনেক এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগের প্রতিনিধি বলেন, VAW Survey'র জন্য যে Questionnaire প্রস্তুত করা হয়েছে তা সভায় উপস্থাপন করা হলে ভালো হতো।

৬.৫ যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন, প্রকল্পের অন্যতম কার্যক্রম GIS শক্তিশালীকরণ, কিন্তু এ খাতে পর্যাপ্ত বরাদ্দ রাখা হয়নি।

৬.৬ যুগ্মসচিব (উন্নয়ন) বলেন, VAW Survey এর নামকরণ আন্তর্জাতিক রীতিনীতি অনুসরণপূর্বক করা প্রয়োজন, এছাড়া এ সংক্রান্ত SDG'র সূচকসহ অন্যান্য নীতি নির্ধারণী বিষয়ে Questionnaire এ সঠিকভাবে প্রতিফলন করতে হবে যাতে আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য পরিসংখ্যান পাওয়া যায়।

৬.৭ এই পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, বিবিএস বলেন, প্রকল্পের আওতায় সম্পাদিতব্য VAW Survey এর নামকরণ, Questionnaire প্রণয়ন, স্যাম্পলিং ডিজাইন, স্যাম্পল সাইজ ইত্যাদি কার্যক্রম প্রাথমিক পর্যায়ে রয়েছে। প্রকল্পের Questionnaireসহ অন্যান্য বিষয় অংশীজনদের সাথে আলোচনা ও মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হবে। IMED প্রতিনিধির প্রশ্নের বিষয়ে মহাপরিচালক, বিবিএস বলেন Survey সাধারণত স্যাম্পলিং এর ভিত্তিতে করা হয়, সম্পূর্ণ জনগোষ্ঠীকে নিয়ে করা হয় না। তবে Survey এর মাধ্যমে সম্পূর্ণ জনসংখ্যার প্রতিনিধিত্ব নিশ্চিত করা হয়। এই স্যাম্পলিং ডিজাইন ও স্যাম্পল সাইজ পরিসংখ্যানের theory ও আন্তর্জাতিক গাইডলাইন অনুযায়ী বিশেষজ্ঞ পর্যায়ে তৈরি করা হয়।

৭। উপস্থিত সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর যথাযথভাবে প্রদান ও পরিসংখ্যানগত বিষয় ব্যাখ্যা করার জন্য সভাপতি মহাপরিচালক, বিবিএসকে ধন্যবাদ জানান। এ পর্যায়ে সভাপতি বলেন এই প্রকল্পের আওতায় মূলত ২টি কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে; প্রথমত ORG, Survey of Bangladesh, BGISP ইত্যাদি সংস্থার বিভিন্ন কার্যক্রমসহ বিবিএস এর অন্যান্য প্রকল্প (যেমন- SVRS) ও কার্যক্রমের কাজ Facilitate করা। এক্ষেত্রে এসব সংস্থা এবং কার্যক্রমের ঠিক কোন অংশকে এবং কিভাবে Facilitate করা হচ্ছে তার একটি স্পষ্ট চিত্র/পরিকল্পনা থাকা প্রয়োজন। দ্বিতীয়ত VAW Survey এর সাথে বিভিন্ন অংশীজন সংশ্লিষ্ট বিধায় Survey'র সামগ্রিক কার্যক্রমে তাদের জড়িত করা প্রয়োজন। এছাড়া VAW Survey'র objective এর সাথে align করে Questionnaire, স্যাম্পলিং ডিজাইন ও স্যাম্পল সাইজ আন্তর্জাতিক গাইডলাইন অনুসরণপূর্বক করতে হবে।

৮। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৮.১ প্রকল্পের মাধ্যমে যেসব সংস্থা এবং তাদের কার্যক্রমকে Facilitate করা হবে তা চিহ্নিত করে একটি সুনির্দিষ্ট পৃথক ত্রৈমাসিক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। এই কর্ম পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্টদের নিয়ে দ্রুত একটি অংশীজন সভা করতে হবে।

৮.২ VAW Survey'র শিরোনাম, Questionnaire, স্যাম্পলিং ডিজাইন ও স্যাম্পল সাইজ ইত্যাদি Survey'র objective এর সাথে align করে দেশীয় কালচার ও আন্তর্জাতিক গাইডলাইন অনুসরণপূর্বক করতে হবে। এ লক্ষ্যে শীঘ্রই সংশ্লিষ্ট ক্ষেত্রের Expert এবং অংশীজনদের নিয়ে মহাপরিচালক, বিবিএস এর সভাপতিত্বে একটি সভা করতে হবে।

৮.৩ প্রকল্পটির কার্যক্রমের সাথে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়ন ও অধিকতর ফলপ্রসু করার লক্ষ্যে PSC তে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।

৯। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৭.২৩

ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৯.০৬.০০৪.২৩-২৫৪

১০ আশ্বিন ১৪৩০
তারিখ: --------------------
২৫ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ জনাব তাহসিনা বেগম, উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন)।
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর (দৃঃ আঃ ড. সিরাত মাহমুদা, উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ)।
৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: ড. নুরুন নাহার, অতিরিক্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন)।
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ জনাব মুনিরা বেগম, যুগ্ম-প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন)।
৭। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মুল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ জনাব মুহাম্মদ কামাল হোসেন তালুকদার, পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মুল্যায়ন বিভাগ )।
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৯। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
১০। যুগ্মসচিব (পরিকল্পনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১১। যুগ্মসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১২। যুগ্মপ্রধান, এনইসি-একনেক এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: মোছাঃ মাজেদা ইয়াসমীন, যুগ্মসচিব, এনইসি-একনেক এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ)।
১৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
১৪। উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৫। পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, ইন্টিগ্রেটিং জিও স্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

জেসমীন আকতার
উপসচিব
☏৫৫০০৭০৭৭